দৈনিক বাংলা

১৮

তারিখ 16 MAR 1989
পৃষ্ঠা ১ কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# নকল রোধে সহায়তা করুন: শেখ শহীদ

(স্টাফ রিপোর্টার):

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সুষ্ঠু, শান্তি ও শৃংখলার সঙ্গে চারটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা অনুষ্ঠানে সর্বস্তরের জনসাধারণের সক্রিয় সহযোগিতা কামনা করেছেন।

শিক্ষামন্ত্রী একই সঙ্গে পরীক্ষার হলে নকল প্রবণতা রোধকল্পে সমাজের সকল স্তরের জনগণের সহযোগিতায় আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়ে বলেন, পরীক্ষার্থীদের মধ্যে নকল প্রবণতা যেকোনভাবে বন্ধ করতে হবে।

এসএসসি পরীক্ষার প্রাক্কালে

## শেখ শহীদ

(১-এর পৃঃ পর)

গতকাল বুধবার দুপুরে সচিবালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে শেখ শহীদুল ইসলাম বলেন, পরীক্ষায় ব্যাপকভাবে নকল চলতে থাকলে প্রকৃত মেধাবী ও ভাল ছাত্রছাত্রীদের স্বার্থ ক্ষুন্ন হয়। এ কারণে সরকার এবার উপজেলা সদরের বাইরে কোন পরীক্ষা কেন্দ্র স্থাপনের অনুমতি দেননি।

বিগত কয়েক বছর ছাত্রছাত্রীদের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কথা উল্লেখ করে শেখ শহীদ তাকে দুঃখজনক বলে বর্ণনা করেন। শিক্ষামন্ত্রী বলেন, মফস্বলে বিশেষ করে অনেক গ্রামাঞ্চলে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের মধ্যে নকল প্রবণতা বেড়ে যেতে দেখা গেছে। উপজেলা সদরের বাইরের পরীক্ষা কেন্দ্রে অনেক ক্ষেত্রে প্রশাসনিক ও তদারকি সংক্রান্ত সমস্যা দেখা দেয়।

তিনি জানান, পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য স্থানীয় জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সক্রিয় সহযোগিতায় এর নিশ্চয়তা বিধান করা হয়েছে।

প্রশ্নোত্তর পর্বে শিক্ষামন্ত্রী জানান, পরীক্ষার হলে কোন শিক্ষকের বিরুদ্ধে নকল সরবরাহের অভিযোগ প্রমাণিত হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে তাকে গ্রেফতার করার নির্দেশ রয়েছে।

সম্প্রতি নকল প্রবণতার বিরুদ্ধে জনমত গড়ে তুলতে বিভিন্ন সমাজ সেবামূলক সংগঠনের কর্মসূচীকে স্বাগত জানান।

উপজেলা সদরের বাইরে সকল পরীক্ষা কেন্দ্র বন্ধ করার ফলে গ্রামাঞ্চলের পরীক্ষার্থীদের ও তাদের অভিভাবকদের বিভিন্ন অসুবিধার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, তাদের অসুবিধা কমানোর জন্যই এবার এসএসসি পরীক্ষার সময়কাল ১৪ দিনে কমিয়ে আনা হয়েছে।